**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date:05-08-2024**
**Time: 07.20-07.25 AM Hrs**
**BENGALI MORNING BULLETIN**

---

**CM Ganda Twisa :**

মুখ্যমন্ত্রী প্রফেসর ডঃ মানিক সাহা গতকাল গন্ডাতুইসা মহকুমায় সাম্প্রতিক হিংসায় ক্ষতিগ্রস্ত এলাকা পরিদর্শন করেন। মুখ্যমন্ত্রীর সঙ্গে ছিলেন বিধায়ক নন্দিতা রিয়াং, মুখ্যসচিব জে. কে. সিনহা ও রাজ্য পুলিশের মহানির্দেশক অমিতাভ রঞ্জন। মুখ্যমন্ত্রী সহ অন্যান্যরা মৃত পরমেশ্বর রিয়াংয়ের বাড়িতে যান এবং তার পরিবার ও অন্যান্য সদস্যদের সাথে আলোচনা করেন। মুখ্যমন্ত্রী ক্ষতিগ্রস্ত নারায়ণপুর বাজার এলাকা, ৩৩ কেভি ও ৩০ কার্ড এলাকা পরিদর্শন করেন। তিনি গন্ডাতুইসা দ্বাদশ শ্রেণী বিদ্যালয়ের ত্রাণ শিবিরে অবস্থানরতদের সাথে মতবিনিময় করেন এবং ছাত্রছাত্রীদের হাতে পঠন সামগ্রী তুলে দেন।

পরে এক সাংবাদিক সম্মেলনে মুখ্যমন্ত্রী জানান, শান্তি ছাড়া উন্নয়ন সম্ভব নয়।জাতি, জনজাতিদের মধ্যে সৌভ্রাতৃত্বের বন্ধন ছিন্ন করার উদ্দেশ্যে যারা চক্রান্ত করছেন তাদের বিরুদ্ধে আইনানুগ কঠোর ব্যবস্থা নেওয়া হবে বলে জানান তিনি। মুখ্যমন্ত্রী জানান, এম জি দাশপাড়া ও রামনগরে নিরাপত্তা শিবির রয়েছে। নিরাপত্তার কথা বিবেচনা করে ৩৩ কেভি ও ৩০ কার্ড এলাকাতেও দুটি নতুন স্থায়ী নিরাপত্তা শিবির স্থাপন করা হবে।

মুখ্যমন্ত্রী গন্ডাতুইসা মহকুমায় বিভিন্ন উন্নয়নমূলক কাজের জন্য ২৩৯ কোটি ১০ লক্ষ টাকা আর্থিক অনুমোদনের কথা ঘোষণা করেন। তিনি জানান, মৃত পরমেশ্বর রিয়াংয়ের পরিবারকে ইতিমধ্যেই ৬ লক্ষ টাকা দেওয়া হয়েছিল এবং এখন আরও ৪ লক্ষ টাকা সহায়তা দেওয়া হবে।

তাছাড়াও মুখ্যমন্ত্রী ক্ষতিগ্রস্ত ১৪৫টি পরিবারের জন্য পূর্বে বরাদ্দকৃত ১ কোটি ১৪ লক্ষ ৮০ হাজার টাকার সহায়তার পাশাপাশি আরও ২ কোটি ৩০ লক্ষ ৪০ হাজার টাকার আর্থিক সহায়তার ঘোষণা করেন। অর্থাৎ ক্ষতিগ্রস্ত পরিবারগুলিকে মোট ৩ কোটি ৪৫ লক্ষ ২০ হাজার টাকার সহায়তা দেওয়া হবে। এক্ষেত্রে যাদের ঘর সম্পূর্ণভাবে ক্ষতিগ্রস্ত হয়েছে এরকম ১০১টি পরিবারকে ইতিমধ্যে ৯৫,০০০ টাকা করে দেওয়া হয়েছিল। এখন পরিবার পিছু আরও ২.০৫ লক্ষ টাকা করে সহায়তা দেওয়া হবে। অনুরূপভাবে গুরুতর ক্ষতিগ্রস্ত পরিবারগুলিকে পূর্বে ৫০ হাজার টাকা দেওয়া হয়েছিল। তাদের আরও পরিবার পিছু ১ লক্ষ টাকা করে দেওয়া হবে। তাছাড়া অন্যান্য ক্ষতিগ্রস্ত যেসকল পরিবারগুলিকে ক্ষয়ক্ষতির পরিমান অনুসারে ২৫ হাজার, ২০ হাজার, ১৫ হাজার, ১০ হাজার ও ৫ হাজার টাকা করে দেওয়া হয়েছিল তাদেরকেও পুনরায় সমপরিমাণ আর্থিক সহায়তা দেওয়া হবে।

মুখ্যমন্ত্রী জানান নারায়ণপুর বাজারে ৩০টি মার্কেট শেডের জন্য ১ কোটি টাকা, দশরাম চৌধুরী সুপার মার্কেট রক্ষনাবেক্ষণ ও উন্নয়নের জন্য ১ কোটি টাকা, গন্ডাতুইসা বাজারের রাস্তা, ড্রেইন, স্ট্রিট লাইট ইত্যাদির সামগ্রিক উন্নয়নের জন্য ১০ কোটি টাকা, ৫১ কিমি দীর্ঘ আমবাসা-গন্ডাতুইসা সড়ক উন্নয়নের জন্য

১৫০ কোটি টাকা, গন্ডাতুইসা মহকুমা হাসপাতালের নতুন ভবন নির্মাণ ও পুরাতন ভবনের সংস্কারের জন্য ১৯ কোটি ২০ লক্ষ টাকা, ৯ কিলোমিটার দীর্ঘ হাতিমাথা-দলপতি সড়ক উন্নয়নের জন্য ১২ কোটি টাকা, রইস্যাবাড়ি ব্লকের ৫ কিমি দীর্ঘ রঞ্জিতপাড়া- বুদ্ধজয়পাড়া সড়কের উন্নয়নের জন্য ৮ কোটি টাকা, ডুম্বুরনগর ব্লকের আমবাসা-গন্ডাতুইসা সড়ক থেকে জমাতিয়াপাড়া পর্যন্ত ৩ কিমি দীর্ঘ সড়কের উন্নয়নের জন্য ৭ কোটি ৫০ লক্ষ টাকা গন্ডাতুইসা দ্বাদশ শ্রেণী বিদ্যালয় মাঠে সিন্থেটিক ফুটবল টার্ফ স্থাপনের জন্য ৬ কোটি টাকা, ডুম্বুর জলাশয়ে খাচা পদ্ধতিতে মৎস্য চাষের উন্নয়নের জন্য ৫ কোটি টাকা অনুমোদন করা হয়েছে।

গন্ডাতুইসা মহকুমায় ৫০ শয্যা বিশিষ্ট ড্রাগ অ্যাডিক্ট রিহ্যাবিলিটেশন সেন্টার স্থাপনের জন্য ৫ কোটি টাকা, মহকুমার বিভিন্ন বিদ্যালয়ে স্মার্ট ক্লাস রুম, আসবাবপত্র ক্রয় ও পরিকাঠামোগত উন্নয়নের জন্য ৫ কোটি টাকা, রইস্যাবাড়ি ব্লকের আম চাষীদের জন্য একটি ১৫ মেট্রিকটন ক্ষমতাসম্পন্ন সৌরচালিত ক্ষুদ্র হিমঘর স্থাপনের জন্যয ৩ কোটি টাকা, মৎস্য ব্যবসার জন্য কোল্ড স্টোরেজ ও কোল্ড চেম্বার গাড়ির জন্য ৩ কোটি টাকা, গন্ডাতুইসায় ইন্ডোর ব্যাডমিন্টন কোর্ট উন্নয়নের জন্য ২ কোটি টাকা, ১০টি অঙ্গনওয়াড়ি কেন্দ্রের জন্য ১ কোটি ৩০ লক্ষ টাকা এবং গন্ডাতুইসা বাজার এলাকায় সিসি ক্যামেরা বসানোর জন্য ১০ লক্ষ টাকার অনুমোদনের ঘোষণা দেন তিনি। পরিদর্শনের সময় উপস্থিত ছিলেন ডিজিপি (ইন্টেলিজেন্স) অনুরাগ, স্বরাষ্ট্র সচিব ড. পি কে চক্রবর্তী, রাজস্ব সচিব ব্রিজেশ পান্ডে, সমাজকল্যাণ ও সমাজশিক্ষা দপ্তরের সচিব তাপস রায়,

শিক্ষা দপ্তরের বিশেষ সচিব রাভেল হেমেন্দ্র কুমার, জনজাতি কল্যাণ দপ্তরের অধিকর্তা শুভাশিস দাস, পূর্ত দপ্তরের মুখ্য বাস্তুকার রাজীব দেববর্মা, ধলাই জেলার জেলাশাসক সাজু বাহিদ এ, পুলিশ সুপার অবিনাশ রাই এবং অন্যান্য রাজ্য ও জেলা প্রশাসনের উচ্চপদস্থ কর্মকর্তাগণ।

*********************

**Panchayat Election :**

রাজ্যে আসন্ন ত্রিস্তর পঞ্চায়েত নির্বাচনের প্রশাসনিক প্রস্তুতি প্রায় চূড়ান্ত। গতকাল রাজ্যের ৩৫টি ব্লকে ইলেকশন ডিউটি ভোট গ্রহণ শান্তিপূর্ণভাবে শেষ হয়েছে। উল্লেখ্য, ভোট কর্মী, নিরাপত্তা কর্মী এবং ভোটের কাজে নিযুক্ত অন্যান্য কর্মীরা গতকাল ভোট প্রদান করেন।

এদিকে বিভিন্ন দলের প্রচারও চলছে জোরকদমে।

**********************

**Election Campaign of CPIM :**

ত্রিস্তর পঞ্চায়েত নির্বাচনের সিপিআইএম প্রার্থীদের সমর্থনে গতকাল সাব্রুমের বটতলা বাজারে মিছিল ও সভা অনুষ্ঠিত হয়। দক্ষিন ত্রিপুরা জিলা পরিষদের প্রার্থী চন্দন সূত্রধর এবং সাতচাঁদ

পঞ্চায়েত সমিতির তিনটি আসনের প্রার্থী কালিপদ ভৌমিক, অনিল মজুমদার ও দীপালি নাথের সমর্থনে আয়োজিত সভায় বক্তব্য রাখেন সিপিআইএম রাজ্য কমিটির সদস্য বিপ্লব স্যান্নাল ও পলাশ নাথ।

**********************

**Ratan Lal Nath :**

বিদ্যুৎ মন্ত্রী রতন লাল নাথ পশ্চিম ত্রিপুরা জিলা পরিষদে বিজেপি প্রার্থী বলাই গোস্বামী এবং মিস্টু সরকারের সমর্থনে গতকাল সন্ধ্যায় দুটি সভায় ভাষণ দেন । সাতডুবিয়া গ্রামের কমিউনিটি হলে ও পশ্চিম ত্রিপুরা লেম্বুছড়া গ্রামেএই দু`টি নির্বাচনী সভায় অংশ নেন মন্ত্রী শ্রী নাথ।

********************

**Three New Laws :**

কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ গতকাল চণ্ডীগড়ে ফৌজদারি বিচার ব্যবস্থাকে বাড়ানোর জন্য নির্মিত ই-প্রমাণ, ন্যায় সেতু, ন্যায় শ্রুতি এবং ই-সমন সিস্টেমের উদ্বোধন করেছেন। অনুষ্ঠানে বক্তৃতাকালে তিনি বলেন, দেশের ফৌজদারি বিচার ব্যবস্থা এখন জনগণকে দ্রুত ও সময়মতো বিচার প্রদানের জন্য একটি বিশাল পদক্ষেপ নেবে। তিনি বলেন যে নতুন ফৌজদারি আইন ভারতে ব্রিটিশ আইনের যুগের অবসান ঘটিয়েছে, ফৌজদারি বিচার ব্যবস্থাকে 'সম্পূর্ণ স্বদেশী'-তে রূপান্তরিত করেছে। তিনি আরো বলেন, এই আইনগুলি আমাদের সংবিধানের চেতনা অনুযায়ী এবং জনগণকে দ্রুত বিচার প্রদান করবে। তিনি আরও বলেন, এই আইনগুলো 'শাস্তির' পরিবর্তে 'ন্যায়বিচার'কে গুরুত্ব দেয়।

*************************

**Paris Olympic :**

প্যারিস অলিম্পিকের দশম দিনে হকিতে সেমিফাইনালে খেলা নিশ্চিত করলো ভারত। কোয়ার্টার ফাইনালে ভারত পেনাল্টি শ্যুট আউটে ৪-২ গোলে গ্রেট ব্রিটেনকে পরাজিত করে। নির্দ্ধারিত

সময়ের খেলা ১-১ গোলে ড্র ছিল। এদিকে মহিলাদের বক্সিং-এ ৭৫ কেজি বিভাগে কোয়ার্টার ফাইনাল থেকে বিদায় নেন লাভলিনা বরগোঁহাই। চিনের লি ক্যুয়ানের কাছে ৪-১ ব্যবধানে লাভলিনা পরাজিত হন। অপরদিকে ব্যাডমিন্টনের পুরুষ সিঙ্গেলসে লক্ষ্য সেন সেমিফাইনালে পরাজিত হন। তিনি ২১-২২ ও ১৪-২১ পয়েন্টে ডেনমার্কের ভিক্টর এক্সেলসেনের কাছে হেরে যান। আজ ব্রোঞ্জ পদকের জন্য লক্ষ্য সেন লড়াই করবেন।

*********************

**Weather :**

আকাশ সাধারণতঃ মেঘাছন্ন থাকবে। রাজ্যের কিছু কিছু স্থানে হালকা থেকে মাঝারি বৃষ্টি হতে পারে। আগামী ২৪ ঘন্টায় সর্বোচ্চ তাপমাত্রা ৩৩ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন তাপমাত্রা ২৭ডিগ্রি সেলসিয়াস হতে পারে।

গতকালের সর্বোচ্চ তাপমাত্রা ছিল ৩৩.৮ ডিগ্রি সেলসিয়াস এবং আজ সকালের সর্বনিম্ন তাপমাত্রা দেখা গেছে ২৬.৮ ডিগ্রি সেলসিয়াস।

*****************

********************